গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)
www.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১৫.১১.০০৬.২০- ১১০৪ তারিখ ঃ ২৬/১১/২০২০খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর ১১/১০/২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.২০১৬-৪২১ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক ময়মনসিংহ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে ইউনিয়ন পরিষদ সচিব পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ইউনিয়ন পরিষদ সচিব | ১০২০০-২৪৬৮০/-<br>(জাঃ বেঃ স্কেল-২০১৫) | ১৫(পনের) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

## শর্তাবলী

০১। ইউনিয়ন পরিষদ সচিবদের বেতনের ৭৫% সরকারি খাত হতে ও ২৫% ইউনিয়ন পরিষদ তহবিল হতে নির্বাহ করা হবে।

০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর লিখিত আবেদনপত্র আগামী ৩০/১২/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালিন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে জারীকৃত চাকরির নির্ধারিত সংযুক্ত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীগণকে **জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর আবেদন করতে হবে**। আবেদন পত্রের নমুনা জেলা প্রশাসক, ময়মনসিংহ এর www.mymensingh.gov.bd ওয়েব সাইট হতেও ডাউনলোড করা যাবে।

০৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০২৯.১৯-১২২ নম্বর স্মারক মতে প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরুপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক) সংযুক্ত পূরণকৃত আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা রঙ্গিন ০৩ কপি (৫x৫সে.মি.) সত্যায়িত ছবি যুক্ত করতে হবে।

(খ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে "জেলা প্রশাসক, ময়মনসিংহ" শিরোনামে চলতি হিসাব নম্বর-০৭৮৬০২০০০৬৪১৭, রূপালী ব্যাংক লিঃ, ছোট বাজার কর্পোরেট শাখা, ময়মনসিংহ-এ সরাসরি/অনলাইনে =৪০০/- (চারশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে জমার স্লিপের মূলকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

(গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম, ঠিকানা সম্বলিত ১০.৫ x ৪.৫ সাইজের (১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিটসহ) একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

(ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ স্বাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থীর ঘরে ঠিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় যে সকল সনদ/কাগজপত্রাদি দাখিল/প্রদর্শন করতে হবেঃ

(ক) সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদন ফরমসহ সংযুক্ত কাগজপত্রাদির সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এ ছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সেই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তাঁর সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

(খ) চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি দাখিল করতে হবে।

(চলমান পাতা ...../২)

০৭। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। বিশেষ কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম, কোটার নাম অবশ্যই লিখতে হবে।

০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীলমোহর থাকতে হবে।

১০। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদন-পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল কর্‌াহবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা কম/বেশী করাসহ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(মোঃ মিজানুর রহমান)
জেলা প্রশাসক
ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৫৭৭৭(অফিস)
০৯১-৬৫৭৮৮ (বাসা)
e-mail : dcmymensingh@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১৫.১১.০০৬.২০- ১১০৪/১(২৫০) তারিখ ঃ ২৬/১১/২০২০খ্রিঃ।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।
০৪। জেলা প্রশাসক, .....................................(সকল)।

**অনুলিপি ঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য**

০১। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার,.........................................(সকল), ময়মনসিংহ।
০৪। মেয়র, .....................................(সকল), পৌরসভা, ময়মনসিংহ।
০৫। চেয়ারম্যান, ..................................................... ইউনিয়ন পরিষদ (সকল), ময়মনসিংহ।
০৬। জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ। তাঁকে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭। প্রোগ্রামার, জেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, ময়মনসিংহ এঁর ওয়েব সাইট-এ আপলোড করার জন্য বলা হলো।
০৮। সম্পাদক, The Daily Tribunal, Dhaka/ দৈনিক আমাদের নতুন সময়, ঢাকা/ আজকের বাংলাদেশ, ময়মনসিংহ। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ০৪/১২/২০২০তারিখের মধ্যে যে কোন একদিন (সরকারি ছুটির দিন ব্যতীত) ভিতরের পাতায় ০২ (দুই) কলামে ০৮ ইঞ্চির মধ্যে প্রকাশ করে ০২(দুই) কপি পত্রিকা এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান)
জেলা প্রশাসক
ময়মনসিংহ।

বরাবর

জেলা প্রশাসক
ময়মনসিংহ।

# চাকুরির আবেদন ফরম

5x5 সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, ০৩ কপি রঙিন ছবি)

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায় : | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | যেকোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা) : | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতা/স্বামীর নাম: | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | |
| | ডাকঘর: | | | |
| | পোষ্টকোড নম্বর: | | | |
| | উপজেলা: | | | |
| | জেলা: | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): | |
| ১২. | জাতীয়তা: | | ১৩.জেন্ডার : | |
| ১৪. | ধর্ম: | | ১৫.পেশা : | |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): - | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | | | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য । মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিক হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর